

২৪

সংখ্যা: ১

নং-২৮.০২.০০০০.০১২.০১.০৭৭.১১/১৩

তারিখ: ০৪/১২/২০১৯

বিষয়: নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি: মো: মোস্তফা কামাল
পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা ও
সভাপতি, পেট্রোবাংলা নৈতিকতা কমিটি।

তারিখ: ২৫/১১/২০১৯।

সময়: বেলা ১০.০০ টা।

স্থান: পেট্রোবাংলা কনফারেন্স রুম।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পেট্রোবাংলার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় গৃহীত লক্ষ্যমাত্রাসমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

অলোচনা:

০১। চলতি অর্থবছরের (২০১৯-২০) ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত সভার (১৭-০৭-২০১৯) সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা ও পর্যালোচনা করা হয়। নির্ধারিত সময়সীমার মধ্যে অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ে প্রেরণ বিশেষভাবে আলোচনা হয়।

০২। সংস্থা ও কোম্পানিসমূহে ইন-হাউজ ট্রেনিংয়ের সংখ্যা বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া, সংস্থা ও কর্মরত জনবলের ৬০ কর্মঘণ্টার প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়নার্থে চাকরি বিধি, সুশাসন সংক্রান্ত সরকারি উদ্যোগসমূহের বিষয়ে বিভাগভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে বিভাগীয় প্রধানের সঞ্চালনে বিভাগীয় আয়োজন করা যেতে পারে।

০৩। সংস্থা ও কোম্পানিসমূহে ই-টেন্ডার কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে সম্পাদনের উপর গুরুত্বারোপ ই-টেন্ডার কার্যক্রম সুষ্ঠুভাবে ও যথাসময়ে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পত্র মারফত অবহিত করা যেতে পারে। অগ্রগতি প্রচলিত নিয়মানুযায়ী শ্রেণিবদ্ধ করে বিন্ট করা যেতে পারে। তবে এ বিষয়ে কমিটি গঠন করে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ কর কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক বিন্ট কার্যক্রম সম্পাদন করা যেতে পারে।

০৪। চলতি অর্থবছরে (২০১৯-২০) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে চিহ্নিত লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়। তিতাস গ্যাস কোম্পানি কর্তৃক ইতোমধ্যে সম্পাদিত গণশুনানির তথ্যাদি পেট্রোবাংলা নৈতিকতা কমিটি বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, বিজিএফসিএল কর্তৃক গৃহীত উদ্যোগ সততা স্টোর স্থাপনের কাজ যথাসময়ে সম্পাদনের বিষয়ে আলোচনা হয়। সংস্থা ও কোম্পানিসমূহ হতে দৈনিক পত্রিকায় যেসব বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন ইত্যাদি দেয়া হয়, সেখানে দুর্নীতি বিরোধী কোন ছড়া, নীতিকথা, নীতিবাক্য ইত্যাদির প্রকাশ পরিলক্ষিত হয় না। এ বিষয়টি কর্তৃপক্ষের গোচরে আনা যেতে পারে।

০৫। পেট্রোবাংলা ও কোম্পানিসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে ডিসেম্বর ২০১৯ মাসে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি.-এর প্রধান কার্যালয়ে শুদ্ধাচার বিষয়ে একটি কর্মশালা/সভার আয়োজন করা যেতে পারে। উক্ত কর্মশালা/সভায় বিজিডিএসিএল-এর স্টেকহোল্ডারদের (stakeholder) আমন্ত্রণ জানানো যেতে পারে।

সিদ্ধান্ত:

০১। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/কোম্পানি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

কার্যব্যবস্থায়: পেট্রোবাংলা ও সকল কোম্পানি।





০২। চলতি অর্থবছরে (২০১৯-২০) শুল্কচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে পেট্রোবাংলা/মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

কার্যব্যবস্থায়: পেট্রোবাংলা ও সকল কোম্পানি।

০৩। সংস্থা ও কোম্পানিতে কর্মরত জনবলের ৬০ কর্মঘণ্টার প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়নার্থে চাকরি বিধি, সুশাসন সংক্রান্ত সরকারের গৃহীত উদ্যোগসমূহের বিষয়ে ইন-হাউজ ট্রেনিংয়ের সংখ্যা বৃদ্ধি এবং বিভাগভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে বিভাগীয় প্রধানের সম্মেলনে বিভাগীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি প্রশিক্ষণ/সংশ্লিষ্ট দপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে।

কার্যব্যবস্থায়: পেট্রোবাংলা ও সকল কোম্পানি।

০৪। ই-টেন্ডার কার্যক্রম সুষ্ঠুভাবে ও যথাসময়ে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পত্র মারফত অবহিত করতে হবে। অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার লক্ষ্যে কমিটি গঠন করে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করত: যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক বিনষ্ট কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

কার্যব্যবস্থায়: পেট্রোবাংলা ও সকল কোম্পানি।

০৫। বিজিএফসিএল সভার স্থাপনের কাজ যথাসময়ে সম্পাদনের বিষয়ে গুরুত্বারোপ করবে।

কার্যব্যবস্থায়: বিজিএফসিএল।


০৬। সংস্থা ও কোম্পানিসমূহ হতে দৈনিক পত্রিকায় যেসব বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন ইত্যাদি দেয়া হয়, সেখানে দুর্নীতি বিরোধী ছড়া, নীতিকথা, নীতিবাক্য ইত্যাদি প্রকাশের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কার্যব্যবস্থায়: পেট্রোবাংলা ও সকল কোম্পানি।

০৭। ঝরঝরবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: তার প্রধান কার্যালয়ে ডিসেম্বর ২০১৯ মাসে শুল্কচার বিষয়ে একটি কর্মশালা/সভার আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

কার্যব্যবস্থায়: বিজিডিসিএল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: মোস্তফা কামাল)
পরিচালক (প্রশাসন)

ও

সভাপতি, নৈতিকতা কমিটি

বিতরণ:

০১। সকল ব্যবস্থাপনা পরিচালক:

০২। পেট্রোবাংলা নৈতিকতা কমিটি সদস্যবৃন্দ:

০৩। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ:

অনুলিপি:

০১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ঢাকা।

০২। সহকারি ব্যবস্থাপক/পিএ-টু-পরিচালক (

), পেট্রোবাংলা, ঢাকা।

০৩। অফিস কপি।

